# বাংলা ভাষা ডিপ্লোমা পাঠক্রম :
# প্রথম যান্মাসিক :
# ১ম পত্র হোম অ্যাসাইমেন্ট - ২০২৩

পূর্ণমান - ২০

উত্তরপত্র জমা দেওয়ার শেষ তারিখ- ৩০ জুন, ২০২৩

১। **যে কোন চারটি প্রশ্নের উত্তর দিন :** ১×৪ = ৪

ক) পৃথিবীতে কত সংখ্যক মানুষের মুখের ভাষা বাংলা?

খ) বাংলা ভাষাটি কোন ভাষা পরিবারের অন্তর্ভুক্ত?

গ) ভারতীয় আর্যভাষার প্রাচীনতম নমুনা আমরা কোথায় খুঁজে পাই?

ঘ) বাংলা ভাষার প্রাচীনতম লিখিত নিদর্শন কোনটি?

ঙ) চর্যাগীতির ভুবনের জীবন্ত প্রতিবেদনের উপর লিখিত উপন্যাসটির নাম লিখুন।

২। **যে কোন দু'টি প্রশ্নের উত্তর লিখুন :** ১×২ = ২

ক) তুর্কী শাসনকালে বাংলায় প্রকাশিত সাহিত্যের নাম লিখুন, উদাহরণ দিন।

খ) প্রাক্ চৈতন্যযুগের দু'জন কবির নাম লিখুন এবং সে সময়ে বাংলায় কী ধরনের সাহিত্য সৃষ্টি হয়েছিল?

গ) শ্রীচৈতন্যদেব কবে জন্মগ্রহণ করেন? 'শ্রীচৈতন্য চরিতামৃত' গ্রন্থটির রচয়িতা কে?

৩। **নিম্নলিখিত প্রশ্নগুলোর সংক্ষেপে উত্তর দিন :** ১×৪ = ৪

ক) মধ্যযুগের বাংলা গদ্যের নিদর্শন স্বরূপ দু'টি নাম লিখুন।

খ) মহারাজ মেঘনারায়ণ কে ছিলেন? উনি কোথায় সিংহদ্বার নির্মাণ করেন?

গ) বাংলা গদ্যভাষাকে পরিশীলিত করে তুলতে যে দু'জন মনীষীর অবদান রয়েছে তাঁদের নাম লিখুন।

ঘ) পঞ্চানন কর্মকার মুদ্রণ জগতে কী অবদান রেখে গেছেন?

৪। **যে কোন দু'টি প্রশ্নের উত্তর লিখুন :**

ক) শ্রাব্য সাহিত্য কাকে বলে উদাহরণ সহ লিখুন।

খ) বাংলা কাব্যে মাইকেল মধুসূদন দত্তের অমর কীর্তি কী? তাঁর প্রধান কাব্যকৃতিগুলোর নাম লিখুন।

গ) রবীন্দ্রনাথ কী বিচিত্র সম্ভার দিয়ে বাংলা কবিতার জগৎটি গড়ে দিয়েছেন?

৫। **উত্তর দিন :** ২×২ = ৪

ক) 'রূপসী বাংলা'র বৈশিষ্ট্য কী, আলোচনা করুন।

খ) বাংলা ভাষার তৃতীয় ভুবন বলতে কোন অঞ্চলটিকে বোঝায়?

৬। **উত্তর লিখুন : (যে কোনও দুইটি)** ৩×২ = ৬

ক) দ্বিজেন্দ্র লাল রায় কে ছিলেন? বাংলা নাটকে তাঁর অবদান কতটুকু আলোচনা করুন।

অথবা,

খ) সাম্যবাদী চেতনায় উদ্বুদ্ধ হয়ে নাট্যকর্মীরা কী ধরনের নাটক লিখেছিলেন? এদের অন্যতম নাট্যকারের নাম কী লিখুন।

গ) বাংলা ভাষায় উপন্যাসের আত্মপ্রকাশের সূচনার সময় কাল কী লিখুন। এতে কোনও সাহিত্য ঐতিহ্যের প্রভাব আছে কি?

অথবা,

ঘ) ছোটগল্প বলতে কী বোঝায়? কথাসাহিত্যে ছোটগল্পের আত্মপ্রকাশ কবে, কোন পরিপ্রেক্ষিতে হয়েছিল?

প্রশ্নগুলোর উত্তরের জন্য প্রাথমিক ভাবে আমাদের পাঠ্যবইয়ের সাহায্য নেবেন এবং প্রয়োজনে অন্য বইয়ের সাহায্যও নিতে পারেন।

উত্তরগুলো নিজের ভাষায় লিখবেন। মূল বই থেকে সরাসরি তুলে নিলে নাম্বার কাটা যাবে।